চুয়াডাঙ্গায় মুজিববর্ষ উপলক্ষে চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত

মুজিবর্ষের অঙ্গিকার মাদক করবো পরিহার -এই পতিপাদ্য বিষয়টিকে ধারণ করে চুয়াডাঙ্গায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে রচনা, বইপড়া এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার দুপুরে চুয়াডাঙ্গা জেলা শিল্পকলা একাডেমি চত্বরের মুক্ত মঞ্চে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসন ও জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের আয়োজনে এ প্রতিযোগিতায় জেলার বিভিন্ন স্কুলের মোট ১৫০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে।

এ সময় উপস্থিত ছিলেন জেলা প্রশাসনের সহকারী কমিশনার হাবিবুর রহমান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ শরিয়ত উল্লাহ, পরিদর্শক আব্দুল্লাহ আল মামুন, জেলা শিল্পকলা একাডেমীর আহ্বায়ক কমিটির সদস্য শাহ আলম সনি, বিচারকের দায়িত্বে ছিলেন চারুকলার শিক্ষক জালাল উদ্দীনসহ আরও অনেকে।

খেলাধুলার মধ্য দিয়ে আত্মবিশ্বাসী হওয়া যায়-

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

গাংনীর হতদরিদ্র সিরাজুল লাখোপতি

মেহেরপুর জেলার গাংনী উপজেলার ৮নং ধানখোলা ইউপি ভাটাপাড়া গ্রামের সিরাজুল ইসলাম (৫৭) জানান প্রথমের ৩০টি হাঁস নিয়ে ছোট একটি খামার দিই।সে সময় দারিদ্রতা কারনে তার কোন বড় ধরনের ব্যবসা করিবার মতন অর্থ ছিলো না।বর্তমান তার খামারের প্রায় ৭০০টি মত হাঁস আছে প্রতিদিন সে ২০০ থেকে ২৫০টি মত হাঁসে ডিম দিয়ে থাকে এই ডিম বাজারের বিক্রয় করে প্রতিদিন তার আয় হয় প্রায় ২ হাজার টাকা। সে আরো জানান সকালে হাঁস গুলো কে নিয়ে গ্রামের পার্শে বিলে চরিয়ে নিয়ে আসি বাড়িতে তেমন কোন খাবার দেওয়া হয়।সকাল বিকাল সামান্য কিছু ধান দিয়ে থাকি খাবার হিসেবে।বর্তমান গুলো হাঁস আমার সস্পদ এই দিয়ে সংসারের সমস্ত খরচ চালিয়ে থাকি।বৃদ্ধ বয়সে তেমন কোন কাজ করিবার শক্তি নেই।ভাটাপাড়া গ্রামের বাসিন্দা আবুল কালাম জানান সিরাজুল ইসলাম চাচা অনেক কষ্ট করে হাঁসের খামারটি গড়ে তুলেছেন।বর্তমান কিছুটা হলেও ভালো আছেন।

ভাটাপাড়া গ্রামের বাসিন্দা হয়রত আলী জানান মানুষের ইচ্ছা শক্তি মানুষ কে অনেক দুরে নিয়ে যেতে পারে তার উজ্জল নিদর্শন সিরাজুল ইসলাম বৃদ্ধ বয়সেও সে নিজের পাঁয়ে দাঁড়িয়ে আজ অর্থনৈতিক ভাবে স্বাবলম্বী হয়েছে দেশের প্রতিটি মানুষের এই ধরনের উদ্যম ইচ্ছা শক্তি থাকার দরকার।৮নং ধানখোলা ইউপি চেয়ারম্যান আখেরুজ্জামান বলেন ভাটাপাড়া গ্রামের সিরাজুল ইসলাম স্বনির্ভরশীল ইচ্ছা শক্তি একজন ব্যাক্তি কারন সে নিজে পরিশ্রম করে সংসার চালাতে চাই সে জন্য আমি তাকে ধন্যবাদ জানান।

২৭ ঘণ্টা পর কুষ্টিয়ার রেললাইন সচল

দীর্ঘ ২৭ ঘণ্টা পর সচল হয়েছে কুষ্টিয়ার সঙ্গে চার জেলার রেল যোগাযোগ। শুক্রবার দুপুর ২টার দিকে মালবাহী ট্রেনের বগি

লাইনচ্যুত হয়ে বন্ধ হয়ে গিয়েছিল রুটটি। শনিবার বিকেল পৌনে ৫টার দিকে এ রুটের উদ্ধার কাজ সম্পন্ন হয়েছে বলে জানিয়েছে রেল কর্তৃপক্ষ।

জানা গেছে, দ্রুত ট্রেন চলাচল স্বাভাবিক করতে পুরোদমে কাজ করেছেন রেল বিভাগের কর্মীরা। ক্ষতিগ্রস্ত ইঞ্জিন ও বগি সরিয়ে নিয়ে লাইন মেরামত করার কাজ চালিয়েছেন। শনিবার বিকেল নাগাদ লাইন মেরামত শেষে রেল যোগাযোগ পুনরায় স্বাভাবিক হতে পারে বলে ধারণাও ছিল রেল কর্তৃপক্ষের।

এদিকে এ ঘটনায় রেলের উপ-সহকারী প্রকৌশলী (পথ) সাইফুল ইসলামকে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

শুক্রবার দুপুর ২টার দিকে কুষ্টিয়া শহরের মিলপাড়া এলাকার বড় স্টেশনের অদূরে মালবাহী একটি ট্রেনের পাঁচটি বগি লাইনচ্যুত হয়ে যায়। এতে কোনো হতাহতের ঘটনা না ঘটলেও ট্রেনের লাইন দুমড়ে-মুচড়ে যায়। বিপরীত দিক থেকে আসা একটি ট্রলির সঙ্গে ট্রেনটির সংঘর্ষ হলে এ ঘটনা ঘটে।

রেলওয়ে সূত্রে জানা যায়, ২২টি বগির গমবোঝাই ট্রেনটি ঈশ্বরদী থেকে ফরিদপুর যাচ্ছিল। পথে কুষ্টিয়া বড় স্টেশন ক্রস করে ট্রেনটির পাঁচটি বগি লাইনচ্যুত হয়। এ ঘটনায় কুষ্টিয়ার সঙ্গে খুলনা, রাজশাহী, গোয়ালন্দ ও ফরিদপুরের রেল যোগাযোগ বন্ধ হয়ে পড়ে।

রেলওয়ের পাকশী সাব-ডিভিশনাল প্রকৌশলী বীর বল জানান, ১২ ঘণ্টা চেষ্টা চালানোর পর লাইনচ্যুত চারটি বগি উদ্ধার করা হয়। এরপর শুরু হয় আরও একটি বগি সরানোর কাজ। ১৭০ জন কর্মী টানা কাজ করেছেন।

প্রেম করে বিয়ে, ৪ মাস পর নিজ ঘরে মিলল নববধূর লাশ

বগুড়ার শেরপুর উপজেলায় প্রেম করে বিয়ের চার মাসের মাথায় নিজ ঘর

থেকে এক নববধূর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। নিহতের নাম মিতু খাতুন (২০)।

শনিবার সকালে উপজেলার সুঘাট ইউনিয়নের ফুলজোড় গ্রাম থেকে তার মরদেহ উদ্ধার করে পুলিশ।

নিহত মিতু টাঙ্গাইল জেলার সদর উপজেলার মিজানুর রহমানের মেয়ে।

এলাকাবাসী সূত্রে জানা যায়, গত চার মাস আগে উপজেলার ফুলজোড় গ্রামের হিটলারের ছেলে জুবায়ের খানের সঙ্গে মিতু খাতুনের ফেসবুকের মাধ্যমে পরিচয় হয়।

এক পর্যায়ে তাদের মধ্যে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। উভয় পরিবারের সদস্যদের না জানিয়ে তারা পালিয়ে বিয়ে করেন। পরবর্তীতে ছেলে জুবায়ের খানের পরিবার মেনে নিলেও মিতুর পরিবার মেনে নিতে অস্বীকার করে। এতে তাদের স্বামী-স্ত্রীর মধ্যে মতবিরোধ ও পরিবারে অশান্তির সৃষ্টি হয়।

শুক্রবার দুপুরের খাবার খেয়ে মিতু তার শয়ন কক্ষের দরজা-জানালা বন্ধ করে ঘুমিয়ে পড়েন। পরবর্তীতে চার থেকে পাঁচ ঘণ্টা অতিবাহিত হওয়ার পর ঘুম থেকে জেগে না ওঠায় স্বামীর পরিবারের লোকজন তার নাম ধরে একাধিকবার ডাকাডাকি করেন।

কিন্তু কোনো সাড়া শব্দ না পেয়ে দরজা ভেঙে ভেতরে ঢুকে গৃহবধূ মিতুকে ঝুলন্ত অবস্থায় দেখে থানায় খবর দেয়। পরে পুলিশ সন্ধ্যায় ঘটনাস্থলে গিয়ে নিহতের মরদেহ উদ্ধার করেন।

মিতুর স্বামী ও শ্বশুরের নির্যাতন সহ্য করতে না পেরে আত্মহত্যা করেছে উল্লেখ করে মিতুর মা সোনিয়া আক্তার বাদী হয়ে শেরপুর থানায় ওই দিন রাতে একটি লিখিত অভিযোগ দায়ের করেন।

শেরপুর থানার ওসি শহিদুল ইসলাম বলেন, শয়নকক্ষে ওড়না পেঁচিয়ে গলায় ফাঁস লাগিয়ে ওই গৃহবধূর মৃত্যু হয়।

তবে প্রাথমিকভাবে মৃত্যুর কারণ জানা যায়নি। তাই মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য বগুড়া শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।

প্রতিবেদন হাতে পাওয়া গেলেই মৃত্যুর কারণ সঠিক করে বলা সম্ভব হবে। এ ঘটনায় থানায় একটি অপমৃত্যু মামলা নেওয়া হয়েছে।

বঙ্গবন্ধুর স্বপ্নের বাংলাদশে বির্নিমাণে দেশে দক্ষ জনবল তৈরী করতে হবে-জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন

জনপ্রশাসন প্রতিমিন্ত্রী ফরহাদ হোসনে বলছেন, বঙ্গবন্ধুর স্বপ্নের বাংলাদশে বির্নিমাণে দেশে দক্ষ জনবল তৈরী করতে হবে। এজন্য তরুণ প্রজন্মকে শারীরিক ও মানসকিভাবে সুস্থ্য থাকার প্রয়োজনীয়তাও রয়েছে। মুজিববর্ষে তরুণদরে দক্ষতা, যোগ্যতাকে বাড়িয়ে গুনাবলি সম্পন্ন মানুষ তৈরী করতে পারলে উন্নত ও সমৃদ্ধ বাংলাদশে গড়ে উঠবে।

শনিবার বেলা সাড়ে ১১টার দিকে মেহেরপুর শহরে সেনাবাহিনী কর্তৃক আয়োজিত মুজিববর্ষ পালন উপলক্ষে বঙ্গবন্ধু ম্যারথন এর উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। অনুষ্ঠানে সভাপতত্বি করনে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মনসুর আলম খাঁন।

উপস্থতি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক তৌফিকুর রহমান, পুলিশ সুপার এস এম মুরাদ আলি, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, মেহেরপুর-২ আসনের সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তুষার কান্তি পাল, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মুজাহিদুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম, গাংনী পৌর মেয়র আহাম্মেদ আলী, জেলা সেচ্ছাসেবক লীগের আহবায়ক আরিফুল এনাম বকুল

বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহজামানসহ বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধান, সহকারী কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। ম্যারাথনটি শহররে ড.শহীদ সামসুজ্জোহা পার্ক থকে শুরু হয়ে সদর উপজেলার আমঝুপি গিয়ে শেষ হয়। ম্যারথনে ১ম ইমরান হোসেন, ২য় স্থান জাকরি হোসেন ও ওবায়দুর রহমান ৩য় স্থান লাভ করেন।

মেহেরপুরে বাংলাদেশ কমিউনিস্ট পার্টির ৭৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আলোচনা সভা

মেহেরপুরে বাংলাদেশ কমিউনিস্ট পার্টির ৭৩তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল ১১টার দিকে বাংলাদেশ কমিউনিস্ট পার্টি মেহেরপুর জেলা শাখার উদ্যোগে আলোচনা সভার আয়োজন করা হয়। মেহেরপুর জেলা শাখার ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম কানন এর পরিচালনায় মেহেরপুর বাসস্ট্যান্ডে জেলা শাখার কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শহিদুল ইসলাম কানন (গাংনী)। বতর্মান সময়ে দেশ ও দলের সার্বিক দিক নিয়ে আলোচনা সভায় বক্তব্য রাখেন, আক্কাস আলী, মোশারফ হোসেন, রফিকুল ইসলাম, সিরাজুল ইসলাম, শহিদুল্লাহ, গোলাম মোস্তফা, রফিকুল, মিজানুর রহমান, মহাদেব শাহা, রাজন, খোকন, আহসান হাবীব প্রমুখ। সভায় বতর্মান প্রেক্ষাপটে পার্টির আগামী দিনের কর্মপরিকল্পনা নির্ধারণ করা হয়।

গাংনীর ধানখোলা বাজার কমিটির নির্বাচনে সভাপতি ফারুক হোসেন ও আবু সাইদ টোকন সম্পাদক

গাংনী উপজেলার ধানখোলা বাজার কমিটির নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। ধানখোলা ইউনিয়ন পরিষদ হলরুমে শনিবার সকাল ৯ টা থেকে ভোট গ্রহন শুরু হয়। এদিন দুপুর পর্যন্ত ভোটাররা তাদের ভোটাধিকার প্রয়োগ

করে কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক নির্বাচিত করেন। এ নির্বাচনে ব্যাবসায়ী ফারুক হোসেন (হরিণ)মার্কা প্রতিক নিয়ে ৭১ ভোটে বিজয়ী হয়েছেন। তার নিকটম প্রতিদন্দী প্রার্থী (মই) মার্কায় পেয়েছেন ৪২, ও তানজিদ হাসান অনি পেয়েছেন (আনারস) মার্কায় ৪৪ ভোট। এদিকে সাধারণ সম্পাদক পদে প্রতিদন্দীতা করে আবু সাইদ টোকন (টিউবয়েল) মার্কাায় ১১৮ ভোট পেয়ে দ্বিতীয়বার সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন। প্রতিদ্বন্দী প্রার্থী তোফাজ্জল হোসেন (মাবাইল) মার্কায় পেয়েছেন ৪৪ ভোট। একমিটিতে কোষাধক্ষ্য পদে বাবুল ইসলাম(রিংস্লাব) মার্কায় ১০৪ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। নির্বাচন কমিশনের প্রধান দায়িত্বে ছিলেন মোতালেব হোসেন। ধানখোলা ইউপি চেয়ারম্যান আখেরুজ্জামানসহ গাংনী থানা পুলিশেলর একটি টিম উপস্থিত ছিলেন। নির্বাচিত ব্যাক্তিদের ধান খোলা ইউনিয়ন বাসীর পক্ষ থেকে ভুলেল শুভেচ্ছা দেন ইউপি চেয়ারম্যান আখেরুজ্জামান। বাজার পরিচাচলনার ক্ষেত্রে সকলের সহযোগীতা কামনা করেন নির্বাচিত প্রতিনিধিারা।

গাংনীতে করোনার ভ্যাকসিন সংকট

মেহেরপুরের গাংনীতে কোভিড-১৯ (করোনার) ভ্যাকসিন সংকট দেখা দিয়েছে। ফলে ভ্রাকসিন নিতে আসা লোকজন হতাশা নিয়ে ফিরে যাচ্ছেন। কবে নাগাদ ভ্যাকসিন আসবে তা জানাতে অপারগতা প্রকাশ করেছেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৫৪৮ ভায়াল ভ্যাকসিন বরাদ্দ দেয়া হয়। পরে সিভিল সার্জন অফিস ১০৭ ভায়াল ভ্যাকসিন ফেরত নেয়। ভ্যাকসিনেশন শুরু হয় ৭ ফেব্রুয়ারী থেকে। আজ শনিবার পর্যন্ত ৬ হাজার ৩৬৬ জন রেজিষ্ট্রিশন করেন। আর ভ্যাকসিন গ্রহণ করেন ৪ হাজার ৩৯৫ জন। রেজিস্ট্রেশন করা লোকজন ভ্যাকসিন নিতে আসলেও ভ্যাকসিন নেই বলে ফেরত দেয়া হচ্ছে। কবে নাগাদ ভ্যাকসিন আসবে সেটাও জানাতে পারছেন না দায়িত্বরত ব্যাক্তিরা।

ভ্যাকসিন নিতে আসা টিপু সুলতান ও মাসুম রেজা জানান, তারা নিয়মানুযায়ি রেজিস্ট্রেশন করেছেন এবং ভ্যাকসিন নিতে এসেছেন।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভ্যাকসিন নেই বলেজানিয়ে দেয়া হয়। কবে নাগাদ ভ্যাকসিন দেয়া হবে তার তথ্যও দিতে পারছেন না তারা। এদিকে ভ্যাকসিন সংকট ও কবে নাগাদ ভ্যাকসিন আসবে তা জানতে চাইলে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার (টঐঋচঙ) রিয়াজুল আলম কোন কথা বলতে চাননি।

মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দীন ঢাকায় অবস্থান করছেন। তিনি মোবাইল ফোনে জানান, সংকট কাটিয়ে উঠতে উর্ধ্বতন কর্মকর্তার সাথে যোগাযোগ করছেন। তাড়াতাড়ি সংকট দূর হবে এবং যারা ফিরে যাচ্ছেন তাদেরকে মোবাইল ফোনে জানানো হবে।

মুকুল মোবাইল সার্ভিসিং এর শুভ উদ্বোধন

শনিবার দুপুরের দিকে মেহেরপুর কাঁশারী বাজার সাউদিয়া টাওয়ারে নিচে মোবাইল সার্ভিসিং ফিতা কেটে শুভ উদ্বোধন করা হয় ।

মুকুল মোবাইল সার্ভিসিং এর প্রতিষ্ঠাতা মোঃ মুকুল হোসেন বলেন গ্রাহকরা আমার কাছ থেকেসকল ধরনের মোবাইল সার্ভিসিং করতে পারবেন ।এবং সেই সাথে সকল ব্যান্ডের মোবাইল ফোনের টার্চ, ডিসপ্লে, ব্যাটারি, চার্জার, হেডফোন সহ মোবাইল ফোনের বিভিন্ন যন্ত্রাংশ আমার কাছে পাওয়া যাবে । আরো বলেন মো্বাইল সকল মালামাল পাইকারী বিক্রয় করা হভে।মোবাইলের অপারেটিং সিস্টেম কাজ করা হবে।

মুকুল মোবাইল সার্ভিসিং এর প্রতিষ্ঠাতা মোঃ মুকুল হোসেন বলেন আমার এই মোবাইল সার্ভিসিং শেষ না,খুব শিগ্রই সকল ব্যান্ডের বাটাম ফোন সহ এনড্রয়েড টার্চ ফোন এখানে পাওয়া যাবে বলে জানান তিনি।